আমার দেশ

ঢাকা, সোমবার ● ৮ আগস্ট ২০০৫
২৪ শ্রাবণ ১৪১২ ● ২ রজব ১৪২৬

পৃ: ৬

# কর্মসংস্থানভিত্তিক বিনিয়োগই ব্যাপক বেকারত্বের অবসান ঘটাতে পারে : শিক্ষামন্ত্রী

বেসরকারি স্বেচ্ছাসেবী উন্নয়ন সংস্থা যুব কর্মসংস্থান সোসাইটির (যুবক) উদ্যোগে গতকাল ওসমানী স্মৃতি মিলনায়তনে দুই দিনব্যাপী জব ফেয়ারে শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক বলেন, কর্মসংস্থানভিত্তিক বিনিয়োগই ব্যাপক বেকারত্বের অবসান ঘটাতে পারে। বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টি যেমন জরুরি, তেমন শ্রমবাজারের সঙ্গে সংগতি রেখে শিক্ষা ব্যবস্থার উন্নয়নও জরুরি। তিনি আরো বলেন, দেশের বেকারত্ব নিরসনে অনানুষ্ঠানিক শ্রমবাজার সম্প্রসারিত করার প্রয়োজন রয়েছে কিন্তু এক্ষেত্রে কোনো পরিকল্পনা নেই।উদ্বোধনী আলোচনা সভায় দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ড. বদিউল আলম মজুমদারের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য সচিব ড. মাহবুবুর রহমান, এফবিসিসিআইয়ের প্রেসিডেন্ট আবদুল আওয়াল মিন্টু প্রমুখ।



*বক্তব্য রাখছেন শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক*